শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৩৯.১৯-৬৩৮

তারিখঃ ১৯ অগ্রহায়ণ ১৪২৬
০৪ ডিসেম্বর ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৮৩০২/২০১৯ এর প্রেক্ষিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণসহ গৃহীত কার্যক্রম এ বিভাগকে অবহিতকরণ।

সূত্র: মাননীয় হাইকোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৮৩০২/২০১৯ এর রুলনিশি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট মামলার বিবরণ নিম্নরুপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্টস | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ৮৩০২/২০১৯ | জনাব মো: সাইফুল ইসলাম, সহাকরী লাইব্রেরীয়ান, পীরগঞ্জ টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, বাগমারা, রাজশাহী। | ১। সচিব, TMED, ২। মহাপরিচালক, DTE, ৩। পরিচালক, DTE, ৪। উপসচিব (কারিগরি), TMED এবং আরো অন্যান্যসহ মোট ০৫ জন। | সহাকরী লাইব্রেরীয়ান, জনাব মো: সাইফুল ইসলাম এর সনদ জাল প্রমাণিত হওয়ায় এমপিও নীতিমালা ২০১৮ এর ২৮.১.৫ নির্দেশনা অনুযায়ী কারিগরি শিক্ষা অধিদপ্তরের ০৬.০১.১৯ তারিখের ৫৭.০৩.০০০০.০২৮.১৮. ০০৮.১৭.১২ সংখ্যক স্মারকমূলে এমপিও স্থগিত করা হয়।<br><br>পরবর্তীতে পিটিশনার কর্তৃক গত ২২.০৭.১৯ তারিখের আবেদনে স্থগিতকৃত এমপিও বিজ্ঞ আদালতের রায়ের আলোকে পুনরায় বকেয়াসহ এমপিও চালু করার জন্য মহাপরিচালক, DTE বরাবর আবেদন করা হয়।<br><br>উক্ত আবেদনটি নিষ্পত্তি না হওয়ায় পিটিশনার জনাব মো: সাইফুল ইসলাম কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৮৩০২/২০১৯ দায়ের করা হয়। |

০২। উক্ত রিট মামলাটি গত ১৪.১০.১৯ খ্রি. তারিখে মহমান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক নিম্নরুপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করা হয়:

Pending hearing of the Rule, the respondent No. 2 is directed to dispose of the petitioner's said application dated 22.07.19 ((Annexure-J-1), in accordance with law, within a period of 30 (thirty) days from receipt of the copy of this order.

০৩। উল্লেখ্য, উক্ত মামলায় পিটিশনারের গত ২২.০৭.১৯ তারিখের আবেদনটি বিধি মোতাবেক কেন নিষ্পত্তি করা হবে না সেমর্মে ১১.১১.১৯ তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য ২নং রেসপনডেন্ট এর প্রতি নির্দেশনা দেয়া হরয়েছে। সে প্রেক্ষিতে বর্ণিত রিট মামলার অন্তর্বর্তীকালীন আদেশে পিটিশনারের ২২.০৭.১৯ তারিখর আবেদনটি বিধিগতভাবে নিষ্পত্তি করে সরকার পক্ষে দ্রুত মামলার জবাব (Affidavit in opposition) দাখিল আবশ্যক।

০৪। সেসাথে যেহেতু উক্ত রিট মামলার ১৪.১০.১৯ খ্রি. তারিখের আদেশে পিটিশনার কর্তৃক ২২.০৭.১৯ খ্রি. তারিখের আবেদনপত্রটি (যা মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল হয়েছিল) যথাসময়ে নিষ্পত্তি না করায় রিট মামলার উদ্ভব হয়েছে সেহেতু বর্ণিত রিট মামলার নির্দেশনা মোতাবেক পিটিশনারের ২২.০৭.১৯ খ্রি. তারিখের আবেদনটি মহোদয় কর্তৃক বিধিগতভাবে নিষ্পত্তি হওয়া আবশ্যক।

০৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৮৩০২/২০১৯ মামলায় গত ১৪.১০.১৯ তারিখের নির্দেশনা মতে পিটিশনারের ২২.০৭.১৯ তারিখের আবেদনটি বিধি অনুযায়ী নিষ্পত্তি করে পিটিশনারকে জানিয়ে গৃহীত পদক্ষেপের তথ্য মহামান্য আদালতকে (আইনগত সুযোগ থাকলে) অবহিতক্রমে আগামী ১৯.১২.১৯ খ্রি. তারিখের মধ্যে TMED কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো। সেসাথে জবাব (Affidavit in opposition) আদালতে দাখিল নিশ্চিত করার জন্যও অনুরোধ করা হলো।

০৪/১২/১৯

মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।